ঢাকা ওয়াসা

সংযুক্ত ক্রমিক নং-১। ২০২৪-২৫ইং অর্থ বছরের সংশোধিত ক্রয়-পরিকল্পনার কপি।
সংযুক্ত ক্রমিক নং-২। পূর্বানুমোদিত দরের কপি।
সংযুক্ত ক্রমিক নং-৩। প্রাক্কলন।

বিষয়ঃ সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন) বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের ব্যাডমিন্টন খেলার জন্য সরঞ্জামাদি ক্রয় কাজের অস্থায়ী-অগ্রিম প্রসঙ্গে।

০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে ক্রমিক নং-১ হতে ৩ সদয় দেখা যেতে পারে। সায়েদাবাদ পানি শোধনাগার ঢাকা ওয়াসার একটি সর্বাধিক জাতীয় জনগুরুত্বপূর্ণ কে.পি.আই ভুক্ত স্থাপনা। যাহা সার্বক্ষনিক চালু রাখার মাধ্যমে ২৪ ঘন্টা নগরবাসীকে সুপেয় পানি সরবরাহ করা হয়ে থাকে। কর্তৃপক্ষের কাজের স্বার্থে তথা অত্র ট্রিটমেন্ট প্ল্যান্টের পানি সরবরাহ নির্বিঘ্ন রাখার লক্ষ্যে সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন) বিভাগের আওতাধীন কর্মকর্তা/কর্মচারীদের ২৪/৭ ডিউটি রোষ্টার বিদ্যমান। সারাদিন কাজ করার পর খেলাধুলা করলে শরীর স্বাস্থ্য ভাল থাকে এবং কর্মদক্ষতা বৃদ্ধি পাবে। যেহেতু খেলাধুলা প্লান্টের ভিতরে হবে সেহেতু জরুরী প্রয়োজনে সবাইকে পাওয়া যাবে। সান্ধ্যকালীন সময়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ব্যাডমিন্টন খেলার উদ্যোগ নেয়া হয়েছে। ব্যাডমিন্টন খেলার জন্য উহার সরঞ্জামাদি তথা রেকেট, নেট, ফেদার ইত্যাদি ক্রয় করা প্রয়োজন। আলোচ্য কাজ বাস্তবায়নের নিমিত্তে পূর্বানুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলনে খরচের পরিমান দাড়িয়েছে টাঃ ২৪,৭৫০.০০ (চব্বিশ হাজার সাত শত পঞ্চাঁশ টাকা) মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন) বিভাগের অনুকুলে ২০২৪-২৫ অর্থবছরের সংশোধিত ক্রয়-পরিকল্পনার "খেলাধুলা, সাংস্কৃতি ও কল্যাণ" (কোড নং-০১-০২-০০৮) খাতের সিরিয়াল নং X-1 হতে নির্বাহ করা হবে।

০২। এমতাবস্থায়, উপরোক্ত বর্ননামতে ব্যাডমিন্টন খেলার জন্য উহার সরঞ্জামাদি রেকেট, নেট, ফেদার ক্রয় কাজের জন্য উপস্থাপিত টাঃ ২৪,৭৫০.০০ (চব্বিশ হাজার সাত শত পঞ্চাঁশ টাকা) টাকার প্রাক্কলনটির আর্থিক-প্রশাসনিক অনুমোদনসহ পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ এর ধারা ৮১(১) অনুযায়ী সরাসরি ক্রয় প্রক্রিয়ায় সম্পন্নের অনুমোদন দেয়া যেতে পারে। যার অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

১৬/০৬/২৫
মোঃ সিরাজুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।

AE
16.06.25
সৈয়দ মোঃ মাহ্ফুজুর রহমান
সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।

EE
মোঃ এমরানুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।

SE, WSTP
.06.25
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।

CE

প্র অনুমোদিত

১৭/০৬
২০২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
নথি. প্রেরণের নং. ৯৭ তাং. ১৮/৬/২৫
স্বাক্ষর :